মুক্তিযোদ্ধাদের ধাক্কা দিয়ে সরিয়ে দিলেন প্রতিমন্ত্রীর ভাই বাবুল

মুক্তিযোদ্ধাদের ধাক্কা দিয়ে সরিয়ে জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে মুক্তিযোদ্ধাদের পুস্পস্তবক হাতে নিলেন অমুক্তিযোদ্ধা শহিদ সাদিক বাবুল। এমনই অভিযোগ করেছেন মুক্তিযোদ্ধারা।
রবিবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বঙ্গবন্ধুর অস্থায়ী প্রতিকৃতির সামনে এ ঘটনা ঘটান তিনি। এসময় মুক্তিযোদ্ধারা তার উপর ক্ষুব্ধ হয়ে জেলা প্রশাসকের কাছে অভিযোগ করেন। তবে অভিযুক্তের দাবি তিনি মুক্তিযোদ্ধা।
অভিযুক্ত শহিদ সাদিক বাবুল জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির বড় ভাই। ভাই প্রতিমন্ত্রী হওয়ায় প্রভাব বিস্তার করতে তিনি এ ধরণের আচরণ করেছেন বলে অভিযোগ মুক্তিযোদ্ধাদের।
জানা গেছে, ঘটনার সময় মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অস্থায়ী প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন চলছিল। অন্যন্যা সংগঠনের মতো মুক্তিযোদ্ধারাও ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেকের নেতৃত্বে মুক্তিযোদ্ধা এমএ হালিম, চাঁদ আলী, সিরাজুল ইসলাম, ইঞ্জিনিয়ার নুরুল ইসলাম, হেকমত আলী, মুসা করিম, ইলিয়াস, আব্দুল জলিলসহ ৪০ থেকে ৪৫ জন মুক্তিযোদ্ধা পুস্পস্তবক হাতে নিয়ে অপক্ষো করেন। এ সময় হঠাৎ করে শহিদ সাদিক বাবুুল ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেককে ধাক্কা দিয়ে সরে যেতে বলেন। এসময় মুক্তিযোদ্ধা চাঁদ আলী স্টিক ছেড়ে দিলেও আব্দুল মালেক পুস্পস্তক হাতে ধরে বলেন আপনি এখানে কেন এসেছেন, আমি সরবো না বলে তিনি পুস্পস্তবকের স্টিক ধরে থাকেন। এসময় অন্যান্য মুক্তিযোদ্ধারা ক্ষুব্ধ হয়ে উঠেন। অনুষ্ঠান নষ্ট হয়ে যেতে পারে ভেবে তারা চুপ করে থাকেন। কিছুক্ষণ পরেই জেলা প্রশাসক ও জেলা মুক্তিযোদ্ধা সংসদের ভারপ্রাপ্ত কমাণ্ডার ড. মোহাম্মদ মুনসুর আলম খান মুক্তিযোদ্ধাদের পক্ষ থেকে ক্যাপ. আব্দুল মালেককে ডেকে নিয়ে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। অনুষ্ঠান শেষে মুক্তিযোদ্ধারা জেলা প্রশাসকের কাছে অভিযোগ করে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান।